

৫৮ নং

তাল—একতাল

তোমায় ডাকিতে জানি না গুরুচাঁদ বাবা দয়া করে তুমি এস
তোমায় ভাবিতে পাবিনে হে প্রেমময়,

আমার হৃদিমাঝে এসে বস ।

১। মনে বড় সাধ চরণ সাধনে, নাহি জানি হয় পূজিব কেমনে;
আমার নাই প্রেমধন, ভক্তি রতন, দাও প্রভু প্রেম বাতাস ॥

২। কমলা-সেবিত চরণে লালসা পূরিবে কি আশা,

মনের এ দুরাশা ।

যোগী-ঋষিগণে, পায় না তোমায় ধ্যানে,

বাঞ্ছা পরাও পরমেশ ॥

৩। মনে বড় আশা আত্ম-সমর্পনে, ও যে অপবিত্র দেহ,

দানিব কেমনে ।

আমার দান-অযোগ্য বপু, শুচি করে প্রভু,

শ্রীচরণে রেখ দাস ।

৪। আমি অজ্ঞান অধম পামর, দুরাচারী, মন প্রাণ খুলে

ডাকিতে না পারি ।

দয়া পাই কিনা পাই, দেহ যেন দোহাই,

এ নগা পায় যেন প্রেমাভাষ ।

—নগেন্দ্রনাথ কর

